দৈনিক ইত্তেফাক

তারিখ OCT. 23 1999
পৃঃ ৪ কলাম ৩

257

## ইংরেজী শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

হাইস্কুলসমূহে ইংরেজী বিষয়ে শিক্ষক নিয়োগের সময় বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকে প্রার্থীকে বি, এ হইতে হইবে। অর্থাৎ বি, কম এবং বি, এসসি ডিগ্রীধারী প্রার্থীরা এক্ষেত্রে আবেদনের অযোগ্য। যদি প্রশ্ন করা হয় কেন ইংরেজী পড়াইতে বি, এ ডিগ্রী লাগিবে? না ইহার কোন সঠিক উত্তর নাই। সম্ভবত এক্ষেত্রে একটা প্রচলিত ধারণা কাজ করিয়া থাকে। তাহা হইল বি, কম এবং বি, এস, সি ডিগ্রীধারীরা সাধারণত একাউন্টিং এবং গণিত চর্চা করিয়া থাকে। ইহারা ইংরেজীর অও জানে না। আর বি, এ ডিগ্রীধারীরা যেহেতু অংক নিয়া মাথা ঘামায় না সেহেতু তাহারা অবশ্যই ইংরেজী ভালোভাবে জানিবে। এই ধারণাটি সম্পূর্ণ কুসংস্কার বলিলেও অত্যুক্তি হইবে না। কারণ বি, এ, বি, কম, বি, এসসি সবটাই সমান ডিগ্রী। যদি ইংরেজী নিয়া ডিগ্রী পাস করিয়া থাকে তাহা হইলে সব গ্রুপের ছাত্রই তো ইংরেজী জানার কথা। এই ক্ষেত্রে শুধু বি,এ ডিগ্রীওয়ালাদের সম্পর্কে আলাদা মূল্যায়ন করা কেন? আরও সত্য কথা হইল বিগত এক যুগ আমাদের দেশে ডিগ্রী পর্যায়ে ইংরেজী বিষয় পড়ানোই হয় নাই। সেইসব ক্ষেত্রেও ইংরেজী শিক্ষকের জন্য বি, এ প্রার্থী চাওয়ার প্রবণতা লক্ষ্য করা গিয়াছে। এমনকি বর্তমানেও হাইস্কুলসমূহে ইংরেজী শিক্ষক নিয়োগের জন্য বি, এ ডিগ্রীধারীদের চাওয়া হয়। অবশ্য বর্তমানে ডিগ্রী পর্যায়ে ইংরেজী বিষয় বাধ্যতামূলক করা হইয়াছে। কথা হইতেছে ইংরেজী বি, এ, বি, কম এবং বি, এসসি সব গ্রুপের জন্যই বাধ্যতামূলক করা হইয়াছে। তারপরও কেন ইংরেজী শিক্ষকের জন্য আলাদা করিয়া বি, এ ডিগ্রী চাওয়া হইবে। আর সবচাইতে আসল কথা হইতেছে ইংরেজী পড়াইবার জন্য ইংরেজীতে দক্ষতার প্রয়োজন। যাহারা মেধাবী তাহারা এইচ এস সি পর্যন্ত যে ইংরেজী পড়িয়াছে তাহাতে এস, এস, সি পর্যায়ের ইংরেজী পড়াইতে দক্ষতার পরিচয় দিয়া থাকে। এখানে প্রকৃত মেধা যাচাইয়ের জন্য কিংবা ইংরেজী শিক্ষক হইতে হইলে কোন বিশেষ গ্রুপের ছাত্র হওয়া জরুরী নহে। ইংরেজী চর্চাই তাহার আসল পরিচয়। তাই ইংরেজী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সরকারী (বি,এ হইতে হইবে) ধারণা পরিহার করিবার জন্য দৃষ্টি আকর্ষণ করিতেছি।

হারুনুর রশিদ আরজু,
ছাগলনাইয়া, ফেনী।